

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

18 SEPTEMBER 2026

7:45—7:55PM

- ১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার বিশ্বের প্রথমসারীর শিল্পপতিদের আসামে বিনিয়োগ করার আহ্বান ।
- ২) রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যর শ্রীভূমি জেলায় নেশামুক্ত ভারত অভিযানে অংশ গ্রহণ ।
- ৩) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ উৎসাহ উদ্দীপনায় দেবশিল্পী শ্রী শ্রী বিশ্বকর্মা পূজো উদযাপিত ।

এবং

- ৪) আগামীকাল থেকে জাপানের নাগোয়ায় ২০তম এশিয়ান গেমস আরম্ভ ।

বিশ্বের প্রথমসারীর শিল্পপতিদের আসামে বিনিয়োগ করতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন । নতুন দিল্লীতে অনুষ্ঠিত আই সি সি বিশ্ব বাণিজ্য সম্মেলনে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে দ্রুত পরিবর্তনশীল অর্থনৈতিক এবং প্রযুক্তিগত পরিবেশে ভারতকে উৎপাদনের বৈচিত্রময় এবং সরবরাহের শক্তিশালী ক্ষেত্র হিসেবে গড়ে তুলেছে । ফলে আসামের সংযোগক্ষেত্রের উন্নয়ন , পরিকাঠামোগত সম্প্রসারণ এবং দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে আসামকে শিল্পপতিদের বিনিয়োগ করার আহ্বান জানান । মুখ্যমন্ত্রী বলেন যে উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ পরিকাঠামো এবং উন্নয়নের ওপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন । ফলে আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে আত্মপ্রকাশ করতে সক্ষম হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী ভারতীয়

রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত সাম্প্রতিক প্রতিবেদনের কথা উল্লেখ করে বলেন যে আসাম দেশের সবচেয়ে দ্রুতগতির উন্নত রাজ্য হিসেবে স্বীকৃতি পয়েছে ।

এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্করণের পরিকাঠামো এবং বিনিয়োগ সম্মেলনের কথা উল্লেখ করে তিনি বলেন যে রাজ্য ৫ দশমিক ১-৮ লক্ষ কোটি টাকার বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করেছে এবং এর মধ্যে ৩ দশমিক ৫ লক্ষ কোটি টাকার প্রকল্প এক বছরের মধ্যে জমি বিনিয়োগে রূপান্তরিত করা হয়েছে । এই প্রকল্পসমূহের মধ্যে কয়েকটি প্রকল্পের কাজ ইতিমধ্যেই কার্যক্ষম হয়ে ওঠেছে বলেও তিনি উল্লেখ করেন । আসামের সাংস্কৃতিক এবং প্রাকৃতিক সম্পদ পর্যটন অর্থনীতিকে উপকৃত করবে বলেও তিনি মন্তব্য করেন । আসামের উন্নয়নের জন্য সরকার , শিল্প প্রতিষ্ঠান , বিশ্ববিদ্যালয় , গবেষণা প্রতিষ্ঠান এবং শিল্পপতিদের মধ্যে অংশীদারিত্বের প্রয়োজন হবে বলেও মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসাধারণের সেবায় ২৫ বছর পূর্ণ করার পথে অগ্রসর হয়েছেন । জনসেবাই দেশের সেবা এই মন্ত্রে জনসাধারণের সেবার প্রতি অবিচল প্রতিশ্রুতি নিয়েই তিনি তার যাত্রা অব্যাহত রেখেছেন । সেবা এবং সুশাসনের দৃষ্টিভঙ্গি নিয়ে পরিচালিত এই সরকার ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে নিয়ে অবিরত কাজ করে চলেছে । সামগ্রিক উন্নয়ন এবং সামাজিক সাবলীকরণের মাধ্যমে এই প্রচেষ্টাই জনসাধারণের জীবনে ব্যাপক পরিবর্তন এনে দিয়েছে । এই উপলক্ষে সেবা সংকল্প অভিযানের বিশেষ সম্প্রচার করা হয়েছে । এর অংশ হিসেবে আজ স্বচ্ছ ভারত অভিযানের মাধ্যমে বাস্তবায়িত সামাজিক ও স্বাস্থ্য সম্পর্কিত পরিবর্তনের ওপর বিশেষভাবে আলোকপাত করা হয় ।

কেন্দ্রীয় সংখ্যালঘু পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরণে রিজিজু দেশের নাগরিকদের একটি সমৃদ্ধিশালী , শক্তিশালী এবং উন্নত ভারত গড়ার সেবায় নিজেদের আত্মসমর্পন করার আহ্বান জানিয়েছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে নতুন দিল্লীতে আয়োজিত সেবা সংকল্প অভিযানে অংশ গ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী এই আহ্বান জানান । শ্রী রিজিজু বলেন যে ভারত পরিকাঠামো , যোগাযোগ এবং খাদ্য সুরক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তনের উদাহরণ হয়ে ওঠেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের রূপান্তরের যাত্রার কথা উল্লেখ করে শ্রী রিজিজু বলেন যে অতি প্রত্যন্ত অঞ্চলগুলিতে আজ যানবাহনের সুবিধা সহ দেশের ৮০ কোটির অধিক লোক বিনামূল্যে

খাদ্য তথা অন্যান্য অত্যাৱশ্যকীয় সামগ্রি লাভ করছেন । ভারত বর্তমানে শক্তিশালী , নিরাপদ এবং একটি স্থির রাষ্ট্র হিসেবে গড়ে ওঠেছে বলেও তিনি মত প্রকাশ করেন ।

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ) ইংরাজী , বাণিজ্য এবং সামাজবিজ্ঞান এই তিনটি বিষয়ে আয়োজিত ইউ জি সি - নেট জুন ২০২৬ পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র প্রকাশ করেছে । উত্তরপত্রগুলো এইচ-টি-টি-পি-এস ইউ জি সি-নেট ডট এন -টি-এ ডট এন আই সি ডট ইন এই সরকারী ওয়েবসাইটে পাওয়া যাবে । দেশের ২শো ৭২টি শহরের ৪শো ৫৪টি কেন্দ্রে চলতি মাসের ৯ ও ১০ তারিখ এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ।

নেশামুক্ত ভারত গড়তে সমাজের সর্বস্তরের জনসাধারণকে এগিয়ে আসতে হবে এবং এজন্য সমাজের সর্বস্তরে সচেতনতা গড়ে তুলতে হবে বলে রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য্য মন্তব্য করেন । নেশামুক্ত ও মাদকমুক্ত ভারত গড়ার লক্ষ্যে দেশজুড়ে চলা নেশামুক্ত ভারত অভিযানের অংশ হিসেবে আজ শ্রীভূমি জেলায় একটি পদযাত্রার সূচনা করে রাজ্যপাল শ্রীআচার্য্য একথা বলেন । রাজ্যপাল শ্রী আচার্য্য আজ শ্রীভূমি শহরে পৌছলে আর্বত ভবনে রাজ্যপালকে গার্ড অব অনার প্রদান করা হয়েছে । পরে জেলা গ্রন্থাগার প্রাঙ্গনে রাজ্যপাল বৃক্ষরোপন ও নেশামুক্ত ভারত অভিযানের সংকল্প বাক্য পাঠ করান । এই অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , বিধায়ক জাকারিয়া আহমেদ , জেষ্ঠ পুলিশ সুপার লীনা দোলে প্রমুখ উপস্থিত ছিলেন ।

জন্মমৃত্যু নথিভুক্ত সংশোধনী আইন আগামী পয়লা অক্টোবর থেকে সারা দেশে কার্যকর হবে। ভারতের রেজিস্টার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ন বলেছেন যে, সংশোধিত এই আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তির নিয়মবিধি পূর্বের তুলনায় আরো অধিক কঠোর করা হয়েছে।

উল্লেখ্য যে, The registration of birth and death amendment bill 2026 সংসদের উভয় কক্ষে অনুমোদনের পর গত মাসে রাষ্ট্রপতির সাক্ষরের মাধ্যমে আইনে পরিণত হয়েছে। জন্ম মৃত্যু সংক্রান্ত তথ্য নথিভুক্তির ক্ষেত্রে বিলম্ব প্রতিরোধেই আইনটি সংশোধন করা হয়েছে। নতুন আইনে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য ১ থেকে ২ বছরের মধ্যে নথিভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে। এই নির্ধারিত সময়ের পর জন্ম

মৃত্যুর তথ্য নথিভুক্ত করার জন্য প্রথম শ্রেণীর বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের নির্দেশ প্রয়োজন হবে।

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ উৎসাহ উদ্দীপনায় দেবশিল্পী শ্রী শ্রী বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছরের মতো এবারও বিভিন্ন কল কারখানা, কার্যালয়, ব্যবসায়িক ও শিল্প প্রতিষ্ঠানগুলিতে কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা বিশ্বকর্মার আরাধনা করা হয়। আকাশবাণী শিলচর কেন্দ্রেও আজ পরম্পরাগত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রের সব আধিকারিক ও কর্মচারী সহ অন্যান্যরা দেবশিল্পীকে ভক্তিপূর্ণ অঞ্জলি প্রদান করেন। পরে উপস্থিত সকলের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়।

এদিকে কাছাড় জেলার বিভিন্ন সরকারী, বেসরকারী কার্যালয়, শিলচরের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের কার্যালয়, ব্যাঙ্ক, বীমা কার্যালয়, বাস স্ট্যান্ড, অটো স্ট্যান্ড ইত্যাদিতে আজ বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে সুসজ্জিত পূজো মন্ডপগুলিকে আলোর মালায় সাজিয়ে তোলা সহ সন্ধ্যায় বিশেষ আরতি অনুষ্ঠিত হয়।

শ্রীভূমি জেলায়ও দেবশিল্পীর আরাধনা করা হয়েছে। জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে এ উপলক্ষ্যে বিশেষ পূজা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে কার্যালয়ের সব আধিকারিক ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। বিশ্বশান্তি, সমৃদ্ধি ও সকলের মঙ্গল কামনায় অঞ্জলি প্রদান করা হয়। পরে উপস্থিত সকলের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়।

হাইলাকান্দি জেলায়ও যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনায় শিল্পের দেবতা শ্রী শ্রী বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হয়েছে। হাইলাকান্দি শহরে অনুষ্ঠিত পূজোগুলির মধ্যে জেলা পরিষদের পূজো, পৌরসভার পূজো এবং জেলাশাসকের কার্যালয়ের পূজো অন্যতম। সম্পূর্ণ বৈদিক রীতিনীতিতে পূজো সম্পন্ন হয়। দিনভর পূজো অর্চনা, পুষ্পাঞ্জলি অর্পণ, হোমযজ্ঞ অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন পূজো মন্ডপে আরতি ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

জাপানের নাগোয়ায় আগামীকাল ২০ তম এশিয়ান গেমস শুরু হচ্ছে । শুটিংয়ে দুবারের অলিম্পিক পদকপ্রাপ্ত মনু ভাকের এবং শটপুটে এশিয়ার চ্যাম্পিয়ন তাজিন্দরপাল সিং উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বহন করবেন । ভারতীয় প্রতিনিধি দলের # শেফ দ্য মিশন # সহদেব যাদব আজ একথা জানান । ২০২৪ এর অলিম্পিকে মনু ভাকের স্বাধীন ভারতের প্রথম মহিলা খেলোয়াড় হিসেবে শুটিংয়ে দুটি পদক অর্জন করেন । অন্যদিকে তাজিন্দরপাল সিং ২০১৮ এবং ২০২২ এ শটপুটে এ স্বর্ণপদক পেয়েছিলেন ।

শিলচর স্পোর্টিং ক্লাবের ৯০তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে আগামীকাল থেকে দু দিনের ওপেন প্রাইজম্যানী ক্যারাম বোর্ড প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে গতকাল ক্লাব ভবনে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে ।

ক্লাবের সভাপতি ডক্টর অনুপ কুমার রায় জানান যে আগামীকাল সকাল ১১টায় এই প্রতিযোগীতা শুরু হবে এবং প্রতিযোগীতায় বয়সের কোন ধরনের বাধ্যবাধকতা থাকবে না । প্রতিযোগীতায় একক ও দ্বৈত বিভাগ থাকবে ।

আগামী রবিবার সন্ধ্যা সাতটায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে দু দিবসীয় প্রতিযোগীতার শেষ হবে । অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের ক্লাবের ফুটবল সচিব অনিমেঘ চন্দের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

কাছাড় জেলার নরসিংপুরের জুবিন অনুরাগীদের উদ্যোগে আগামীকাল প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রথম প্রয়ান বার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হবে । আগামীকাল বিকেল তিনটে থেকে প্রায় ৬০ জন ছাত্র-ছাত্রীকে নিয়ে জুবিন গার্গের ছবি নিয়ে অংকন প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । বিকেল পাঁচটায় প্রদীপ প্রজ্জ্বলন , প্রার্থনা এবং জুবিন গার্গের মায়াবিনী সঙ্গীত পরিবেশনের আয়োজন করা হয়েছে । রাত ৮টায় জুবিন গার্গ স্মরণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল শ্রীভূমি শহরের স্টিমারঘাট প্রাঙ্গণে প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গে প্রথম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শ্রীভূমি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সর্বস্তরের জনসাধারণকে স্বেচ্ছা রক্তদান শিবিরে অংশগ্রহণ করতে অনুরোধ করা হয়েছে ।
